দৈনিক ইনকিলাব

তারিখ ... 06 MAR 1988 ...
পৃষ্ঠা ... 4 ... কলাম 2 ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

70

# বৃহত্তর সিলেটে ১৫০টি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন হবে

মৌলবীবাজার, ৫ মে (সংবাদদাতা)।— বৃহত্তর সিলেট জেলায় চলতি অর্থ বছরে বিশ্ব ব্যাংকের দেয়া অনুদানে ১৫০টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন তৈরীর কাজ হাতে নেয়া হয়েছে। সার্বজনীন প্রাথমিক শিক্ষা কর্মসূচীর অধীনে মৌলবীবাজার, হবিগঞ্জ, সিলেট ও সুনামগঞ্জে উল্লেখিত পরিমাণ সরকারী প্রাথমিক বিদ্যালয় নির্মাণ করা হবে এ বিদ্যালয়গুলো নির্মাণে ব্যয় হবে ৪ কোটি ৯৫ লাখ টাকা।

গৃহীত এ প্রকল্পে প্রতিটি বিদ্যালয় ৩ লাখ ৩৩ হাজার টাকা ব্যয়ে শিক্ষকদের জন্য ১টি বিশ্রাম কক্ষ ও ছাত্র-ছাত্রীদের জন্য ৩টি করে আধা-পাকা শ্রেণী কক্ষ নির্মাণ করা হবে। এছাড়া বাংলাদেশ শিক্ষা মন্ত্রণালয়ের ফ্যাসিলিটিজ ডিপার্টমেন্টের অধীনে বৃহত্তর সিলেট অঞ্চলের শিক্ষা উন্নয়নের জন্য প্রায় ৬ কোটি টাকার অপর একটি প্রকল্প গৃহীত হয়েছে। এ প্রকল্পে বৃহত্তর সিলেটের ১৬টি সরকারী বালক ও বালিকা উচ্চ বিদ্যালয়কে ৫০ লাখ টাকা করে বরাদ্দ দেয়া হয়েছে। এছাড়া ফ্যাসিলিটিজ ডিপার্টমেন্ট সিলেট সরকারী মহিলা কলেজে ১টি হোস্টেল নির্মাণ করবে। চার তলাবিশিষ্ট এই ভবন নির্মাণে ব্যয় ধরা হয়েছে ৫৩ লাখ টাকা।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, এপ্রিল মাসের শেষের দিকে প্রকল্পগুলোর কাজ শুরু হবে।